শ্রীলঙ্কা বোর্ড একাদশ-২৮৭/৯ ইংল্যান্ড-২১৫/২ (ডার্কলুইস পদ্ধতি)

মাঠে - ময়দানে

অনূর্ধ্ব-১৯ শ্রীলঙ্কা-২০৯/৭ ফার্নান্ডো-১১১ আফগানিস্তান-১৭৮ গুরবাজ-৪৬

টি-২০ তে চিনের সংগ্রহ ৩৫!

বাজি, ৫ অক্টোবর : টি-২০ মানেই চার-ছক্কার খেলা। সেই ২০ ওভারের খেলাতে কোনও দল ২০ ওভার ব্যাট করে মাত্র ৩৫ রান করতে পারে! পুরো বিষয়টা অসম্ভব বলে মনে হলেও এরকমই একটা ঘটনা ঘটেছে টি-২০ বিশ্বকাপের এশিয়াভিত্তিক যোগ্যতা অর্জন পর্বে। যেখানে থাইল্যান্ডের বিরুদ্ধে চিন ২০ ওভারের শেষে তুলেছে ৯ উইকেটে ৩৫ রান। একসময় তারা ৯.৪ বলে ৫ উইকেটে ১৮ রান করে ধুঁকছিল। যেটা টি-২০ ক্রিকেটের ইতিহাসে সবথেকে কম রান। মালয়েশিয়ার বাজিতে চলছে যোগ্যতা অর্জন পর্বের ম্যাচ। সেখানে চিনের অধিনায়ক চেন জিয়াওয়ান টস জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেন। মাত্র ৪ রান করে অধিনায়ক নিজে প্যাভিলিয়নে ফেরেন। দলের হয়ে সর্বোচ্চ ৮ রান করেন ওয়াং ইয়া। যিনি ৯ নম্বরে নেমে ১১ বলে ৮ রান করেন। এই ৩৫ রানে মধ্যে চীন মাত্র ২টি বাউন্ডারি মারতে সক্ষম হয়েছে। পাঁচটি ওভার মেডেন গেছে। থাইল্যান্ডের সেরা বোলার ড্যানিয়েল জেকবস। তিনি নির্ধারিত ৪ ওভারে ৮ রান দিয়ে ৩ উইকেট নেন। জয়ের জন্য ৩৬ রান মাত্র ২.৪ ওভারেই সংগ্রহ করে থাইল্যান্ড। ড্যানিয়েল জ্যাকবস ১৯ রানে অপরাজিত থাকেন। ১৩ রানে অপরাজিত থাকেন শাফিকুল হক। ১৯ রানে সৌজন্যে ম্যাচের সেরা নির্বাচিত হন জ্যাকবসই। ২০০৪ সালে আইসিসির অ্যাসোসিয়েট সদস্য হয়েছে চিন। আর চলতি বছরেই এপ্রিল মাসে তারা টি-২০ খেলার যোগ্যতা পেয়েছে। টি-২০ খেলার যোগ্যতা পাওয়ার পর যে এরকম হতাশাজনক পারফরম্যান্স হবে এটা নিজেরাও ভাবতে পারেনি।

দ্বিতীয় দিনেও ম্যাচে ফিরতে পারল না ক্যারিবিয়ানরা

সেঞ্চুরি পেল বিরাট ও জাদেজা, পন্থের শতরান হাতছাড়া

দ্বিতীয় দিনে শতরান করলেন বিরাট কোহলি ও রবীন্দ্র জাদেজা। দিনের শেষে দুটি উইকেট নিয়ে ওয়েস্ট ইন্ডিজের কেমর ভাঙলেন মহম্মদ শামি।

রাজকোট, ৫ অক্টোবর : প্রথম দিনটা ছিল ভারতের। দ্বিতীয় দিনেও চিত্রটা একটুও বদলাল না। ম্যাচ যেন প্রথম দিনেই হেরে গিয়েছে ওয়েস্ট ইন্ডিজ। বলে কোনওরকম ধার নেই, নেই কোনও স্পিন বিভাগের চমৎকার স্পেল। আর বিরাটের যেন স্বভাব হয়ে গিয়েছে প্রত্যেক ম্যাচে একটি করে রেকর্ড গড়ার। এদিনও গড়লেন। টপকে গেলেন শচীন তেন্ডুলকরের রেকর্ডকে।

এশিয়া কাপে বিশ্রামে ছিলেন। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে দলে ফিরেই স্বমহিমায় ধরা দিলেন অধিনায়ক কোহলি। রাজকোটে প্রথম দিনের নায়ক যদি পৃথ্বী হন, তবে দ্বিতীয় দিনটা অবশ্য লেখা রইল বিরাট কোহলির নামে। বিশ্বের দ্বিতীয় দ্রুততম ব্যাটসম্যান হিসাবে ২৪তম টেস্ট সেঞ্চুরি হাঁকালেন তিনি। আর সেই সঙ্গে পিছনে ফেলে দিলেন ক্রিকেট ঈশ্বর শচীন তেন্ডুলকরকে। বিরাট যা করে দেখালেন দু'টি ইনিংস কম (১২৩) খেলেই। ২৪তম শতরান করলে কোহলি আবার টপকে গেলেন বীরেন্দ্র সহবাগ ও অস্ট্রেলিয়ার নির্বাসিত অধিনায়ক স্টিভ স্মিথকে। ৬৪ টেস্টে স্মিথ এখনও পর্যন্ত করেছেন ২৩টি শতরান। ভারতীয় ক্রিকেটারদের মধ্যে টেস্টে সর্বাধিক শতরান রয়েছে শচীন তেন্ডুলকরের। তাঁর রয়েছে ৫১টি শতরান। দুইয়ে রাহুল দ্রাবিড়। তিনি করেছেন ৩৬টি শতরান। তবে এই তালিকার শীর্ষে এখনও সেই একজন ব্যক্তি। যাকে ছোঁয়া আজও অসম্ভব। তিনি ডন ব্র্যাডম্যান। ৬৬টি ইনিংস ২৪টি সেঞ্চুরি করেছিলেন তিনি। একই মাইলস্টোনে পৌঁছাতে ১২৮টি ইনিংস খেলেছিলেন আরেক ভারতীয় কিংবদন্তি সুনীল গাভাসকর। চলতি বছর এই নিয়ে চারটি শতরান ঝুলিতে ভরলেন বিরাট। তাঁকে এমনই ফর্মে দেখতে চান ভারতবাসী। তিনি হাতে ব্যাট ধরা মানেই তো নতুন করে ক্রিকেটীয় শৈলী রচনা। যার ব্যতিক্রম হল না রাজকোটেও। ক্যারিবিয়ানদের বিরুদ্ধে এদিন ১৮৪ বলে ২৪তম শতরান করে কিংবদন্তি ভিভ রিচার্ডস, পাকিস্তানের মহম্মদ ইউসুফ এবং অস্ট্রেলিয়ার গ্রেগ চ্যাপেলের সঙ্গে একই আসনে বসলেন তিনি। দেশের মাটিতে একাদশতম টেস্ট সেঞ্চুরি হাঁকিয়ে উচ্ছ্বসিত বিরাট। ১৩৯ রানে প্যাভিলিয়নে ফেরেন তিনি। এই রান করার জন্য তিনি খেলেন ২৩০টা বল। যার মধ্যে ১০বার বল বাউন্ডারির বাইরে পাঠান তিনি। রাজকোটে সেঞ্চুরি করার ফাঁকে দেশের মাটিতে টেস্টে ৩০০০ রান করে ফেললেন বিরাট। অন্যদিকে, নার্ভাস ৯০'র ঘরে ঢুকেও নিজের আগ্রাসী মেজাজে রাশ টানতে না পারায় নিশ্চিত শতরান হাতছাড়া করেন তরুণ উইকেটরক্ষক-ব্যাটসম্যান ঋষভ পন্থ। অথচ একটু ধৈর্য দেখাতে পারলে টেস্টে দ্বিতীয় সেঞ্চুরি করতে পারতেন ঋষভ। দুই সেট ব্যাটসম্যান আউট হওয়ার পর টেল এন্ডারদের নিয়ে ব্যাট করতে থাকেন রবীন্দ্র জাদেজা। অশ্বিন ৭ ও কুলদীপ ১২ রান করে আউট হন।

উমেশ যাদবকে সঙ্গে নিয়ে ব্যক্তিগত অর্ধশতরান পূর্ণ করার পাশাপাশি দলকে ৬০০ রানের গণ্ডিও পার করান তিনি। উমেশ যাদব আউট হয়ে প্যাভিলিয়ানে ফিরলে শামিকে নিয়ে নিজের শতরান পূর্ণ করেন তিনি। এরপরেই ইনিংস ডিক্লেয়ার দেয় ভারত। তিনি অপরাজিত থাকেন ১০০ রানে। ওয়েস্ট ইন্ডিজের হয়ে দেবেন্দ্র বিশু ৫৪ ওভার হাত ঘুরিয়ে ২১৭ রান দিয়ে ৪টি উইকেট দখল করেছেন। এছাড়া দু'টি উইকেট নিয়েছেন নবাগত লুইস। একটি করে উইকেট নিয়েছেন গ্যাব্রিয়েল, চেস ও হ্রাথওয়েট। ভারত ডিক্লেয়ার দেয় ৬৯৯/৯ রানে। নিজেদের প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে ব্যাটিং বিপর্যয়ের মুখে পড়েছে ওয়েস্ট ইন্ডিজ। শুরুতেই শামির বলে বোল্ড হন অধিনায়ক কার্লোস ব্রাথওয়েট। আরেক ওপেনার পাওয়েল এলবিডব্লু হয়ে প্যাভিলিয়নে ফেরেন মাত্র ১ রানে। এরপর শুধুই আসা যাওয়ার পালা। তিন নম্বরে ব্যাট করতে নেমে হোপ অশ্বিনের বলে বোল্ড হয়ে ফিরে যান। চার নম্বরে ব্যাট করতে নেমে হেটমায়ার ১০ রান করে রান আউট হন। ডরউইচ ১০ ও অ্যামব্রিস ১২ আউট হয়ে প্যাভিলিয়নে ফিরেছেন। ব্যাট হাতে উইকেটে রয়েছেন চেস ২৭ ও পল ১৩। ভারতের হয়ে দু'টি উইকেট নিয়েছেন শামি। এছাড়া একটি করে উইকেট পেয়েছেন অশ্বিন, কুলদীপ ও জাদেজা। এখন শুধু ক্যারিবিয়ানদের বিরুদ্ধে বড় ব্যবধানে জয়ই পাখির চোখ বিরাটবাহিনীর।

খেলার সঙ্গে যুক্ত থাকা মানুষদের দুর্গাপুজো

সায়ন্তন সেন

দুর্গাপুজো আসতে বাকি নেই আর বেশি দিন। একদিকে যেমন তৈরি হয়ে গেছে প্যান্ডেল গড়ার কাজ, অন্যদিকে তেমনি পুজো উপলক্ষ্যে শুরু হয়ে গেছে শপিং। পুজো মানেই যে সবাই পঞ্চমী থেকে ঠাকুর দেখবে এরকম ব্যাপার নয়। এক শ্রেণির মানুষ ভিড় ঠেলে ঠাকুর দেখবে, আবার এক শ্রেণির মানুষ দুর্গাপুজোর ভিড় এড়াতে কয়েকদিনের জন্য ছুটিতে যাবেন শহর থেকে দূরে। সমাজের বিভিন্ন শ্রেণীর মানুষের মতো খেলাধুলার সঙ্গে জড়িত থাকা মানুষরাও দুর্গাপুজো উপভোগ করেন নিজেদের মত করে। সেই খেলার জগতেরই বেশকিছু মানুষ এবারের দুর্গাপুজো কিভাবে কাটাবেন খোঁজ নিয়ে তার সন্ধান পাওয়া গেল।

১। শ্রেয়ান রায় (সোনাজুরী মার্শাল আর্ট খেলোয়াড়): মার্শাল আর্ট খেলায় যথেষ্ট পরিশ্রম করতে হয়। তাই এর মধ্যেও দুর্গাপুজোর সময় কতটা আনন্দ করা যায় সেই প্রসঙ্গে শ্রেয়ান রায় জানালেন,'' গত দু'বছর ধরে মার্শাল আর্টের জন্য আমাকে কলকাতার বাইরে থাকতে হয়। এবছরও তার ব্যতিক্রম হবে না। ফলে গত দু'বছরের মতো এবারেও কলকাতার দুর্গাপুজো মিস করব। সেই আনন্দ, বন্ধুদের সঙ্গে একসঙ্গে ঠাকুর দেখা কোনওটাই হবে না। এখানে একটা দুর্গাপুজো হয়। কিন্তু যাওয়া হয়ে ওঠে না। কারণ গেলেই মন খারাপটা আরও বেশি হবে।''

২। দেবলীনা দলুই (ভলিবল খেলোয়াড়) : ভলিবলে সাতবার বাংলাকে প্রতিনিধিত্ব করেছিলেন। এখন আর তাঁকে সেভাবে ভলিবল কোর্টে দেখা যায় না। তবে কোর্টে যখনই নামেন খেলাটাকে চুটিয়ে উপভোগ করেন। দেবলীনা কিভাবে এবারের দুর্গাপুজো কাটাবেন সেই প্রসঙ্গে জানালেন,''আমি একান্নবর্তি পরিবারে বড় হয়েছি। তাই প্রতিবারের মতো এবারেও সবাইকে নিয়ে খুব আনন্দ করে দুর্গাপুজো কাটাবো। এছাড়া সময় করে বন্ধুদেরও সময় দিতে হবে।শুধু তাই নয়, আমার ভলিবল ক্লাবের ওখানে খুব বড় করে পুজো হয়। ক্লাবের সবাইকে নিয়ে ওখানে সুন্দর সময় কাটাবো।'

৩। এম.এ.আলি. (ক্যারাটে কোচ) : কলকাতার অন্যতম ব্যস্ত মানুষ ও ক্যারাটে কোচ এম.এ.আলি। তাঁর কাছ থেকে জানা গেল এবারের দুর্গাপুজোটা তিনি কিভাবে উপভোগ করবেন। আলি জানালেন, ''প্রত্যেকবছর যেভাবে কাটাই সেটা থেকে এই বছর আরও আমার স্পেশ্যাল হবে। কারণ এই বছর আমি পঞ্চাশে পা দিচ্ছি। তাই এটা আমার জীবনের সুবর্ণ জয়ন্তী। পুজোর সময় আমি ভাল খাবার খাব, আড্ডা দেব আর প্যান্ডেলে সময় কাটাবো। কারণ আমার বেশিরভাগ বন্ধুই বাঙালি। তাই পুজোর সময় তাদের কাছে গেলে এতটাই খুশি হয় যে কল্পনার বাইরে। আমাকে পুজোয় নতুন জামাকাপড় কিনতে হয়। আমার যে ছাত্ররাই রয়েছে তারাই আমাকে পুজোয় নতুন জামাকাপড় গিফট করে।এত জামাকাপড় হয় যে কোনটা পড়ব, কোনটা পড়ব না বুঝে উঠতে পারি না। তবে প্রতিবছরের মতো একদিন ধুতি-পাঞ্জাবি পড়ব। কিছু কিছু মানুষ আছেন যারা আমার খুব কাছের, আমার গুরুজন, ছোটবেলায় তারাই আমাকে হাত ধরে বর্ণপরিচয় শিখিয়েছেন, ইংরাজি শিখিয়েছেন দশমীর দিন মিষ্টি নিয়ে সেই সকল গুরুজনদের বাড়ি।''

মোরাতার গোলে চেলসির জয়

লন্ডন, ৫ অক্টোবর : উয়েফা ইউরোপা লিগে জয় পেয়েছে চেলসি। মোল ভিডিকে ১-০ গোলে হারিয়েছে ইংল্যান্ডের অন্যতম সেরা ক্লাবটি। গ্রুপ 'এল'-এর ম্যাচে চেলসির হয়ে জয়সূচক একমাত্র গোলটি করেন আলভারো মোরাতা। তাঁর গোলে শেষ পর্যন্ত জয় নিয়েই মাঠ ছাড়ে দ্য ব্লুজরা। ম্যাচের ৭০ মিনিটে সেস ফাব্রেগাস ইউরিয়ানকে একটি সুন্দর পাস দেন, বল পেয়ে হেড দেন উইলিয়ান। সেই হেড থেকে গোল হওয়ার আগে বল নিয়ে জোরালো শটে জাল কাঁপান মোরাতা। এই জয়ের ফলে ইউরোপায় গ্রুপ পর্বে সবকটি ম্যাচই জিতল চেলসি। সম্প্রতি চেলসির হয়ে গোল খরায় ভুগছিলেন মোরাতা। ইউরোপা লিগের ম্যাচে তিনি গোল পাওয়ায় প্রশংসা করেছেন দলের কোচ মাউরিসিও সারি। ম্যাচের শেষে মোরাতার প্রশংসা করে তিনি বলেন,'তার জন্য গোল পাওয়াটা খুবই গুরুত্বপূর্ণ ছিল। সে বেশ ভাল খেলেছে। আমি আশা করছি আলভারো তাঁর সেরাটা আবারও দেখাতে পারবে।

মোল ভিডির বিপক্ষে জয়ের কলে 'এল'গ্রুপের দুই ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে শীর্ষে রয়েছে চেলসি। সমসংখ্যক ম্যাচ খেলে ৩ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে সালোনিকা। সমান তিন পয়েন্টে গোল ব্যবধানে পিছিয়ে তৃতীয় স্থানে রয়েছে বাতে বরিসভ।

ধর্ষণে অভিযুক্ত হয়ে গুরুত্বপূর্ণ স্পনসরদের চাপের মুখে রোনাল্ডো

তুরিন, ৫ অক্টোবর : এই মুহূর্তে কিছুটা টালমাটাল অবস্থায় ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। তাঁর বিরুদ্ধে আমেরিকার এক মহিলাকে ধর্ষণের অভিযোগ উঠেছে। শেষমেশ কি প্রমাণ হয় তা সময়ই বলবে। তবে তার আগেই কিছুটা চাপে রোনাল্ডো। তারকা ফুটবলারের কাছে ব্রান্ডিং, স্পনসরশিপ খুবই জরুরি। রোনাল্ডোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্র্যান্ড নাইকি এবং ভিডিও গেম সংস্থা ইএ স্পোর্টস। রোনাল্ডোর বিরুদ্ধে এমন মামলায় চিন্তায় তারা। সম্প্রতি এক বিবৃতিতে নাইকি জানিয়েছে,''আমরা এই গুরুত্বপূর্ণ অভিযোগগুলি সম্বন্ধে ওয়াকিবহল। প্রতিটা মুহূর্তে আমরা এতে নজর রাখছি।'' অন্যদিকে ইএ স্পোর্টস জানিয়েছে, ''রোনাল্ডোর বিরুদ্ধে আনা অভিযোগগুলি আমরা দেখছি। আমরা এই ঘটনার প্রতিটা পদক্ষেপ নজরে রাখছি। আমরা মনে করি আমাদের কভারে যে সব অ্যাথলিটরা থাকে তারা কোম্পানির ভাল-মন্দ নিয়ে ওয়াকিবহাল।'' সেভ দ্য চিলড্রেন সংস্থার ব্যান্ড অ্যাম্বাসাডরও তিনি। সংস্থা থেকে জানানো হয়েছে, ''আমরা এমনটা শুনে ভেঙে পড়েছিলাম। এই বিষয়ে আমরা আরও জানার চেষ্টা করছি।'' জাপানি কোম্পানি এমটিজি-র সিঙ্গাপ্যাড ট্রেনিং গিয়ারের সঙ্গেও যুক্ত সিআরসেভেন। সংস্থার ইউরোপের জেনারেল ম্যানেজার জানান,''রোনাল্ডো ব্যবসার একটা অঙ্গ। তবে সিঙ্গাপ্যাডের একমাত্র মুখ ও নয়। যার ফলে এই ধর্ষণ নিয়ে আমি কিছু বলতে পারি না এবং এটা আমাদের ব্যবসার সঙ্গেও খাপ খায় না।'' এর পাশাপাশি জাতীয় দল থেকেও বাদ পড়লেন তিনি। এই বিষয়ে জাতীয় দলের কোচ ফার্নান্দো স্যান্টোস জানান, ''আমরা একসঙ্গে বসে এই সিদ্ধান্ত নিয়েছি। অর্থাৎ আমি, রোনাল্ডো এবং পর্তুগিজ ফুটবল ফেডারেশন। আমি ঠিক করেছি যে খেলোয়াড় (রোনাল্ডো) উপস্থিত থাকবে না। সিলেকশনের জায়গাতেও থাকবে না। পরবর্তী দুটি সিলেকশন অর্থাৎ এই মাস এবং আগামী মাসে রোনাল্ডো আমাদের সঙ্গে থাকবে না।''

জওহরলাল নেহরু স্টেডিয়ামে মুখোমুখি ক্ষুধার্ত গোয়া ও হিসাবি চেন্নাই

চেন্নাই, ৫ অক্টোবর : গোলসংখ্যা ছিল ৪২। আইএসএলে রেকর্ড বলা যায়। কিন্তু এরপরেও ফাইনালে যেতে পারেনি গোয়া। বাধা হয়ে দাঁড়িয়েছিল যেই দল তারা হল চেন্নাইয়ন এফসি। আরব সাগরের ঢেউয়ে আজও যেন নীরবতার সুর। কিন্তু সেই সুরকেই বদলাবার সুযোগ শনিবার। আবার যে মুখোমুখি এফসি গোয়া আর চেন্নাইয়ন এফসি। যুদ্ধের আবহ যেন চেন্নাই জুড়ে।

গোয়া মানেই আক্রমণ। আগের ম্যাচে নর্থইস্টের সঙ্গে ঘরের মাঠে তারা ২-২ ড্র করে। গোল হজম করেও ঘুরে দাঁড়ায়। আর এই গোল হজম করাটাই যে লবেরার ছেলেদের বদ অভ্যেস।

গত মরশুমেও গোয়ার বিরুদ্ধে হয়েছিল ২৮টি গোল। এই দুর্বলতা নিয়ে কী ভাবছেন লবেরা। তিনি বলেন, কোচ হিসাবে আমি যথার্থ চেষ্টা করছি ফাঁকফোকড় গুলি ঢাকার। কিন্তু আমার ফুটবল দর্শন আটকে আছে একই দর্শনে। আমরা গোলের জন্যে কাঁপাব। নিজের দলের কথা বলার পাশাপাশি বিপক্ষ সম্পর্কে লবেরা জানিয়েছেন।

চেন্নাইয়ের রক্ষণ শক্তিশালী। তিন বিদেশি দিয়ে গড়া। নামে বদল এলেও তাদের কাজে খামতি নেই। পাশাপাশি লবেরার চিন্তার কারণ গোলরক্ষকের ফর্ম। নর্থইস্টের বিরুদ্ধে করা গোলরক্ষকের অনভিজ্ঞ হ্যান্ডবলই যে পিছনে ফেলে দিয়েছিল কোরোদের। এবার হয়ত দলে পরিবর্তন আসতে পারে। উল্টোদিকে ঘরের মাঠ হলেও শনিবারের সন্ধ্যাতেও চেন্নাইয়ান হিসাবে করেই এগোতে চায়।

আক্রমণাত্মক গোয়ার বিরুদ্ধে তাদের কৌশল হবে প্রতি আক্রমণ নির্ভর ফুটবল। প্রথম ম্যাচে বেঙ্গালুরুর কাছে হারের পর সেই সাবধানতা বাড়বে ছাড়া কমবে না এবং সেটা জন প্রেগরির কথাতেই পরিষ্কার।

তিনি জানিয়েছেন, আমি হারের পরেও বড় খুশি। কারণ বেঙ্গালুরুর বিরুদ্ধে আমরাই শাসন করেছিলাম। বল পজেশন থেকে সুযোগ সৃষ্টি সবই যে আমাদের পক্ষেই ছিল।

স্রোতের বিপক্ষে গোলহজম করতে হয়েছে। আর আমার ছেলেরা সেই গোলটাই করতে পারেনি। ম্যাচ নিয়ে দু'দলের কোচেদের চিন্তায় রক্ষণ। তবে গোয়ার মন্ত্র আক্রমণ আর আক্রমণ।

চেন্নাইয়ের রক্ষণ ভেঙে পারবে কি জয়ে ফিরতে। গতবারের চ্যাম্পিয়নদের গুরুটা ভাল হয়নি। গ্রেগরিও তৈরি তিন পয়েন্ট পেতে। সব মিলে এক রুদ্ধশ্বাস ম্যাচের অপেক্ষায় উইকেন্ড।

মালয়েশিয়াতে দ্বিতীয় দিনের অনুশীলন করল ইস্টবেঙ্গল দল।

ইংল্যান্ড দলের সঙ্গে ২০২২ পর্যন্ত সাউথগেট

লন্ডন, ৫ অক্টোবর : ইংল্যান্ড জাতীয় দলের সঙ্গে নতুন চুক্তি স্বাক্ষর করলেন কোচ গ্যারেথ সাউথগেট। নতুন চুক্তি অনুযায়ী ২০২২ কাতার বিশ্বকাপ পর্যন্ত ইংলিশ দলের কোচ হিসাবে থাকবেন তিনি। আগের চুক্তি অনুযায়ী ইউরো ২০২০ পর্যন্ত ইংল্যান্ড দলের কোচ হিসাবে থাকার কথা ছিল সাউথগেটের। তবে রাশিয়া বিশ্বকাপে বিস্ময়কর সাফল্যের জন্য পুরস্কার হিসাবে তাঁর সঙ্গে নতুন চুক্তি স্বাক্ষর করেছে ইংল্যান্ড ফুটবল অ্যাসোসিয়েশন। এবারের রাশিয়া বিশ্বকাপে সেমিফাইনালে খেলেছে ইংল্যান্ড। নতুন চুক্তিতে বেতন বাড়ছে সাউথগেটের। বছরে তিন মিলিয়ন পাউন্ডে নতুন চুক্তিতে স্বাক্ষর করতে রাজি হয়েছেন তিনি। ইংল্যান্ড দলের সঙ্গে নতুন চুক্তি স্বাক্ষর করে সাউথগেট বলেছেন,'আগামী দুটি বড় টুর্নামেন্টে জাতীয় দলকে কোচিং করানোর সুযোগ পেয়ে আমি আনন্দিত। এই চাকরিটিতে অবিশ্বাস্য সুবিধা ও সত্যিকারের সম্মান রয়েছে। গত প্রীমে সংঘবদ্ধ হয়ে দল যা দেখিয়েছে তা সত্যিই অসাধারণ কিছু। এই তরুণ দলটি কতদূর যেতে পারে সেটা কাছ থেকে দেখতে পারাটা অসাধারণ হবে।'

গ্যারেথ সাউথগেটের সঙ্গে চুক্তি বেড়েছে তাঁর সহযোগি কোচ স্টিভ হল্যান্ডেরও। ২০২২ সালের কাতার বিশ্বকাপ পর্যন্ত দলের সঙ্গে থাকতে একমত হয়েছেন তিনি। উয়েফা নেশনস লিগে আগামী ৩১ অক্টোবর রাশিয়া বিশ্বকাপের রানার্সআপ ক্রোয়েশিয়ার মুখোমুখি হবে ইংল্যান্ড।

প্রকাশক: পার্থ কুণ্ডু, কর্তৃক ৩, বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র সরণি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, যাদুভিটা, মিলন মোড়, শিলিগুড়ি-৭৩৪০০৩ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস লাহা ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য
সম্পাদক : আশিস লাহা